যুব বার্তা
ত্রৈমাসিক সংবাদ সাময়িকী
যুব উন্নয়ন অধিদপ্তর

জুলাই-সেপ্টেম্বর ২০১৬

৩৭তম সংখ্যা

# জাতীয় শোক দিবস ২০১৬



শোক ও শ্রদ্ধায় বঙ্গবন্ধুর স্মরণে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী. বীরেন শিকদার এমপি যুবঋণের চেক বিতরণ করছেন, পাশে সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ এবং মহাপরিচালক আনোয়ারুল করিম

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪১ তম শাহাদাৎ বার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা, দোয়া মাহফিল, খতমে কোরআন, বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক ভিডিও ও আলোকচিত্র প্রদর্শণী, স্বেচ্ছায় রক্তদান, এবং দুঃস্থদের মধ্যে খাদ্য বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিমের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে ১৫ আগষ্ট সোমবার 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী. বীরেন শিকদার এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ। এছাড়া যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের প্রথম পর্বে আলোচনা শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর সাথে শাহাদাৎ বরণকারী বেগম ফজিলাতুন্নেছা মুজিবসহ সকল শহীদ সদস্যের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়। স্বাগত বক্তব্যে পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায় (যুগ্ম সচিব) বলেন বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত করার জন্য ১ আগষ্ট থেকেই যুব উন্নয়ন অধিদপ্তর তাঁর কর্মময় জীবনীভিত্তিক মাসব্যাপী আলোকচিত্র প্রদর্শণীর আয়োজন করেছে, বঙ্গবন্ধু বাঙালি জাতিকে একত্রিত করতে পেরেছিলেন বলেই আজ আমরা নিজ নিজ জায়গায় প্রতিষ্ঠিত হতে পেরেছি, তিনি সোনার বাংলা গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেন। (বাকি অংশ ২য় পৃষ্ঠায়)

## যুবরাই রুখবে জঙ্গি ও সন্ত্রাস-যুব সমাবেশে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




মঞ্চে উপবিষ্ট যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি, উপমন্ত্রী আরিফ খান জয় এমপি, সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ, মহাপরিচালক আনোয়ারুল করিম ও ক্রীড়া পরিষদের সচিব অশোক কুমার বিশ্বাস

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি বলেন, সুজলা সুফলা শস্য শ্যামলা নাতিশীতোষ্ণ বাংলাদেশের আবহাওয়ায় বেড়ে ওঠা মানুষেরা কখনও উগ্রবাদী হতে পারে না। ষড়যন্ত্রকারীদের প্ররোচণায় কেউ যদি বিপথে যায়ও তাহলে দেশের যুবসমাজই তাদের রুখে দেবে। রাজধানীর পল্টনে জাতীয় ক্রীড়া পরিষদ মিলনায়তনে আয়োজিত যুব সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয় এমপি এবং যুব ও ক্রীড়া সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ।

(বাকি অংশ ৪র্থ পৃষ্ঠায়)

## ভেতরের পাতা

* আন্তর্জাতিক যুব দিবস পালিত - ২-২ পৃঃ
* জাতীয় শোক দিবসে গোপালগঞ্জে উপমন্ত্রী আরিফ খান জয় এমপি - ২-২ পৃঃ
* জাতীয় যুবনীতি-২০১৬ চূড়ান্তের লক্ষ্যে কর্মশালা - ৩-৩ পৃঃ
* যুব উন্নয়ন অধিদপ্তরে চাকরি মেলা - ৩-৩ পৃঃ
* আইসিটি মোবাইল ভ্যানে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স - ৪-৪ পৃঃ
* বালিয়াকান্দি (রাজবাড়ী) উপজেলায় সনদপত্র বিতরণ - ৪-৪ পৃঃ
* চিত্রে সারাদেশে জাতীয় শোক দিবস ২০১৬ - ৫-৮ পৃঃ
* চিত্রে আন্তর্জাতিক যুবদিবস ২০১৬ - ৯-১১ পৃঃ
* সমঝোতা স্মারক স্বাক্ষর সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ এর সাথে - ১২-১২ পৃঃ
* এডভান্সিং পাবলিক ইন্টারেস্ট ট্রাস্টের সাথে - ১২-১২ পৃঃ
* ওয়ার্ল্ড ভিশন এর সাথে - ১২-১২ পৃঃ
* পরিচালক পদে যোগদান - ১২-১২ পৃঃ
* যুব পরিবারের সন্তানদের সাফল্য - ১২-১২ পৃঃ
* যুব তথ্য কণিকা - ১২-১২ পৃঃ

যুববার্তা'র উৎকর্ষতার জন্য আপনার মূল্যবান পরামর্শ, তথ্য ও ছবি প্রেরণের ঠিকানাঃ
উপ-পরিচালক (আত্মকর্ম ও প্রকাশনা)
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

প্রকাশনায়:
যুব উন্নয়ন অধিদপ্তর
E-mail: publication@dyd.gov.bd
Website: www.dyd.gov.bd
http://www.facebook.com/departmentofyouthdevelopmenthq

মুদ্রণেঃ যুব উন্নয়ন অধিদপ্তর

## যুব ভবনে আন্তর্জাতিক যুব দিবস পালিত



আন্তর্জাতিক যুব দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার এমপি; মঞ্চে উপবিষ্ট (বাঁ দিক হতে) যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম, যুব ও ক্রীড়া সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি মোঃ জাহিদ আহসান রাসেল এমপি এবং ঢাবি'র অধ্যাপক ড. দেলোয়ার হোসেন

প্রতি বছর ১২ আগস্ট জাতিসংঘের উদ্যোগে আন্তর্জাতিক যুব দিবস পালিত হয়ে থাকে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও দিবসটি পালিত হচ্ছে। এ বছর আন্তর্জাতিক যুব দিবসের মূল প্রতিপাদ্য বিষয় 'যুব নেতৃত্বে টেকসই উন্নয়ন'। দিবসটি পালন উপলক্ষে শনিবার (১৩ আগস্ট) যুব উন্নয়ন অধিদপ্তরে আলোচনা সভার আয়োজন করা হয়। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি মোঃ জাহিদ আহসান রাসেল এমপি এবং যুব ও ক্রীড়া সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে প্রতিপাদ্য বিষয়ের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. দেলোয়ার হোসেন। যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (বাস্তবায়ন, মনিঃ ও সংগঠন) মোঃ আব্দুর রাজ্জাক স্বাগত বক্তব্য দেন। আলোচনায় অংশগ্রহণ করেন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) যুগ্ম সচিব শিশির কুমার রায়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো মাশুক মিয়া, যুগ্ম সচিব মঞ্জুরুল কাদের, উপ-সচিব নুমেরী জামান, যুব সংগঠনের প্রতিনিধি ডালিয়া আক্তার, রীতা রাণী সাহা ও সেলিনা আক্তার।


ড. বীরেন শিকদার বলেন, যুবসমাজ দেশের মূলশক্তি; বাংলাদেশের সকল মহান অর্জনে সর্বোচ্চ ভূমিকা যুবদের। বাংলাদেশের জনসংখ্যার এক-তৃতীয়াংশ যুব, এই বিশাল জনশক্তিকে সম্পদে পরিণত করতে পারলে খুব সহজেই উন্নয়নের কাঙ্খিত মহাসড়কে পৌঁছানো সম্ভব। তিনি বলেন, আমরা এমডিজি (মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল) অর্জন করেছি, নিম্ন মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছি; এখন সময় যুব সমাজের অমিত সম্ভাবনাকে কাজে লাগিয়ে ২০৪১ সালের মধ্যে এসডিজি (সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল) অর্জনের লক্ষ্যে এগিয়ে যাওয়ার। কিছু বিপথগামী যুব প্ররোচণায় পড়ে ভুল বুঝে জঙ্গিবাদে জড়িয়ে পড়েছে-এদেরকে ফিরিয়ে আনতে হবে; এসব যুবর মানসিক শূণ্যতা ও অস্থিরতা সৃষ্টির কারণ খুঁজে বের করতে হবে। যুবদেরকে যথাযথ প্রশিক্ষণের আওতায় এনে তাদের কর্মে সম্পৃক্ত করতে হবে। মোঃ জাহিদ আহসান রাসেল এমপি বলেন, বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করতে হলে যুব সমাজকে যথাযথভাবে কাজে লাগাতে হবে। এসডিজি অর্জনের সকল বিষয়েই যুবরা সম্পৃক্ত; কাজেই যুব সমাজকে যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে গড়ে তুলতে হবে। আন্তর্জাতিক যুব দিবস বড় পরিসরে পালনের আহ্বান জানিয়ে তিনি বলেন, যেহেতু দেশের মানুষের গড় আয়ু বেড়েছে তাই যুবদের বয়স ৩৫ বছর থেকে কিছুটা বৃদ্ধির চিন্তাভাবনা করা যেতে পারে। সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ বলেন, যুবদের সামনে আগানোর পথ প্রশস্ত করে দিতে হবে। সঠিক ও সময়োপযোগী যুবনীতি প্রণয়নে যুবদের কথা, ব্যথা-বেদনা, আশা-আকাঙ্খা, চাওয়া-পাওয়ার কথা আমাদের শুনতে হবে; সঠিক প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মসংস্থান অথবা আত্মকর্মের ব্যবস্থা করতে হবে। জঙ্গি তৎপরতা থামাতে যুবদের সচেতন করতে হবে, তাদের প্রতি সহযোগিতার হাত প্রসারিত করতে হবে বলেও উল্লেখ করেন। মহাপরিচালক আনোয়ারুল করিম বলেন, টেকসই উন্নয়নের লক্ষ্যে যুব সমাজকে কর্মে সম্পৃক্ত করতে হবে। এ লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের ঐকান্তিক প্রচেষ্টা অব্যাহত আছে। তথ্য ও প্রযুক্তির সুবিধা নিয়ে যুবসমাজ টেকসই উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবেলায় অগ্রণী ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

(১ম পৃষ্ঠার পর) **শোক দিবসে** বিশেষ অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ বলেন আমাদের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্দেশ্য একটাই, যুবসমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একত্রিত করা। যুবরা বেশী করে যুবকর্মে সম্পৃক্ত ও আত্মকর্মী হয়ে দেশের উন্নয়নে অবদান রাখবে এটিই আমাদের প্রত্যাশা।

প্রধান অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী. বীরেন শিকদার বঙ্গবন্ধুসহ সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন- যার জন্য না হলে আমরা লাল সবুজ পতাকার বাংলাদেশ পেতাম না, যার জন্য আমরা আজ স্বাধীন দেশের নাগরিক। যিনি একটি স্বাধীন জাতিসত্তার উদ্ভব ঘটিয়েছেন। একটি স্বতন্ত্র পরিচয় দিয়ে গেছেন। কিভাবে একটি মানুষের অঙ্গুলী হেলনে সাড়ে সাত কোটি মানুষ জীবন বাঁজি রেখে পাকিস্তানের প্রশিক্ষিত সেনাদের বিরুদ্ধে যুদ্ধে ঝাপিয়ে পড়েছে, সারা পৃথিরীর মানুষ অবাক বিস্ময়ে তাকিয়ে দেখেছে। ১৫ই আগষ্ট জাতির পিতাকে হত্যার মধ্য দিয়ে আমরা অভিশপ্ত জাতিতে পরিণত হয়েছিলাম। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সে হত্যার বিচার করে শাস্তি দিয়ে বাঙালি জাতির ললাট থেকে কলঙ্কের তিলক চিহ্ন মুছে দিয়েছেন। আমাদের দুর্ভাগ্য আমরা তাকে হারিয়েছি। রেসকোর্স ময়দানে ভাষণ দেয়ার সময় তাঁর চোখে যে সোনার বাংলা গড়ার স্বপ্ন ছিল তা আমরা পূরণ করবো - আজকের দিনে এই হোক আমাদের প্রতিজ্ঞা।

সভাপতির বক্তব্যে মহাপরিচালক আনোয়ারুল করিম - সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবসহ তাঁর পরিবারের সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, হত্যাকারীরা ভেবেছিল তাঁকে হত্যার মধ্য দিয়ে বাংলাদেশের অগ্রযাত্রাকে ব্যাহত করে থামিয়ে দিবে কিন্তু তাদের সে চেষ্টা সফল হয়নি। বঙ্গবন্ধু ছিলেন প্রজ্ঞাবান, দুরদর্শী নেতা, ৭ই মার্চের ভাষণ ছিল অবিস্মরণীয়, তিনি অদ্বিতীয়, তাঁর আদেশ অনুসরণীয় ও অনুকরণীয়। তাঁর অসমাপ্ত কাজ মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে আমরা ২০২১ সালের মধ্যে মধ্যম আয় এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ে তোলার কাজ সমাপ্ত করবো। স্ব-স্ব অবস্থান থেকে দায়িত্ব পালন করে অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে জঙ্গিবাদ বিরোধী পদক্ষেপ গ্রহণ করতে হবে। সামাজিক আন্দোলন গড়ে তোলার মাধ্যমে যুবসমাজই এক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখবে-এ আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে ঢাকা জেলায় ৫ জন প্রশিক্ষিত যুবকে ৩,৭৫০০০/- ঋণের চেক প্রদান করা হয়। দিবসটি পালন উপলক্ষে সারাদেশে ৭৬৮৯ জন যুবকে ২৮,৭৩,৭৭০০০/-ঋণ বিতরণ করা হয়।

## জাতীয় শোক দিবসে গোপালগঞ্জে উপমন্ত্রী আরিফ খান জয় এমপি



গোপালগঞ্জে জাতীয় শোক দিবসে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয় এমপি যুবঋণের চেক বিতরণ করছেন

গোপালগঞ্জ জেলার সদর উপজেলায় আলোচনা সভা,যুব ঋণের চেক বিতরণ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপমন্ত্রী আরিফ খান জয় এমপি। প্রধান অতিথি তার বক্তব্যে জাতির পিতার রাজনৈতিক জীবন, ভাষা আন্দোলন, পাকিস্তানের কারাগার থেকে দেশে প্রত্যাবর্তনের স্মৃতিচারণ করে বলেন বঙ্গবন্ধুর নেতৃত্বে বন্ধুপ্রতিম আর্ন্তজাতিক সম্প্রদায়ের সহযোগিতা নিয়ে সর্বপর্যায়ে পূণর্গঠন, যোগাযোগ ব্যবস্থার পুনর্বহাল, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতাসহ আইনশৃংঙ্খলার উন্নতি সাধনের মাধ্যমে দেশের মানুষ যখন স্বাধীনতার স্বপ্ন উপভোগ করা শুরু করছিল তখনই দেশীয় ও আন্তর্জাতিক চক্রান্তে ১৫ আগষ্ট/৭৫ স্ব-পরিবারে শাহাদাৎবরণ করতে হয় স্বাধীনতার মহান স্থপতি বাঙ্গালিজাতির হাজার বছরের শ্রেষ্ঠ সন্তান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। (বাকি অংশ ৪র্থ পৃষ্ঠায়)

জীবনের ঝুঁকি নিয়ে অবৈধ পথে বিদেশ যাবেন না।

## জাতীয় যুবনীতি-২০১৬ চূড়ান্তের লক্ষ্যে কর্মশালা




কর্মশালায় বক্তব্য দিচ্ছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি; মঞ্চে উপবিষ্ট (বাঁ থেকে) নাহিদ রাজ্জাক এমপি, এ্যাডভোকেট সানজিদা খানম এমপি, মোঃ জাহিদ আহসান রাসেল এমপি, সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ এবং মহাপরিচালক আনোয়ারুল করিম

২৭ জুলাই বুধবার রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন, জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ) এবং যুব উন্নয়ন অধিদপ্তরের সমন্বিত উদ্যোগে 'ওয়ার্কশপ অন ফাইনালাইজিং ন্যাশনাল ইয়ুথ পলিসি-২০১৬' শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। জাতীয় যুবনীতি-২০১৬ চূড়ান্ত করতে এ নীতির খসড়ার ওপর আলোচনা, নীতি নির্ধারক ও বিশেষজ্ঞদের মতামত, পরামর্শ ও সুপারিশ গ্রহণ করা হয়। কর্মশালায় যুবনীতি বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা নির্ধারণ নিয়ে আলোচনার পাশাপাশি যুবদের উন্নয়ন নিয়ে বাংলাদেশে কাজ করেন এমন বিশেষজ্ঞরা তাদের মতামত ও পরামর্শ সরাসরি নীতি নির্ধারকদের নিকট তুলে ধরেন। বাংলাদেশে যুব উন্নয়ন বিষয়ক কর্মকাণ্ড নিয়ে একটি অংশগ্রহণমূলক আলোচনার সুযোগ করে দেয় এই কর্মশালা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি, বিশেষ অতিথি ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির চেয়ারম্যান মোঃ জাহিদ আহসান রাসেল এমপি। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য নাহিদ রাজ্জাক এমপি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ, জাতীয় সংসদের যুব উন্নয়ন বিষয়ক উপ-কমিটির আহ্বায়ক এ্যাডভোকেট সানজিদা খানম এমপি, যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম এবং সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশনের নির্বাহী পরিচালক সাব্বির বিন শামস। অনুষ্ঠান পরিচালনা করেন সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশনের জ্যেষ্ঠ বিশ্লেষক ব্যারিস্টার শাহ আলী ফারহাদ। কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি এবং সংসদের যুব উন্নয়ন বিষয়ক উপ-কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।জাতিসংঘের বিভিন্ন অঙ্গ সংগঠনের প্রতিনিধি, স্থানীয় ও আন্তর্জাতিক বেসরকারি সংস্থা, আন্তর্জাতিক মিশনের উন্নয়ন সম্পর্কিত সংস্থা এবং যুব সংগঠনের প্রতিনিধিরা কর্মশালায় তাদের মতামত ও পরামর্শ তুলে ধরেন।

## যুব উন্নয়ন অধিদপ্তরে চাকরি মেলা

যুব উন্নয়ন অধিদপ্তর ও স্বপ্ন চেইনশপের যৌথ উদ্যোগে ২৪ জুলাই রোববার যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে চাকরি মেলার আয়োজন করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় সেলসম্যানশিপ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের কর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে এ মেলার আয়োজন করা হয়। পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়ের সভাপতিত্বে আয়োজিত মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম এবং বিশেষ অতিথি ছিলেন পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ) মোঃ এরশাদ উর-রশীদ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শেখ হাসিনা জাতীয় যুবকেন্দ্রের পরিচালক (অঃদাঃ) মোরশেদ উদ্দিন আহমদ, উপ-পরিচালক (প্রশিক্ষণ) মাসুদা আকন্দ এবং ঢাকা জেলার উপ-পরিচালক মোঃ দেলোয়ার হোসেন, এসিআই'র সিনিয়র এক্সিকিউটিভ (এইচ আর) আশ্রাফুল হক এবং স্বপ্ন'র সাপোর্টিভ এক্সিকিউটিভ এসএম মুহাইমিনুল হাসানসহ সংশ্লিষ্ট আরো অনেকে। মহাপরিচালক আনোয়ারুল করিম বলেন, যুবদের কর্মসংস্থানের লক্ষ্যে নতুন নতুন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করছি; এর মধ্যে সেলসম্যানশিপ অন্যতম। তিনি বলেন, এই প্রথম চাকরিদাতা প্রতিষ্ঠানের সাথে প্রশিক্ষিত যুবদের সম্মিলন ঘটানো হলো এবং ভবিষ্যতে এই প্রচেষ্টা অব্যাহত থাকবে। এ সময় তিনি পরবর্তী প্রশিক্ষণের কারিকুলাম চাহিদা অনুযায়ী রি-ডিজাইন করার জন্য প্রশিক্ষণ সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। প্রশিক্ষিত যুবরা যাতে সম্মানজনক বেতন পান সে বিষয়ে সংশ্লিষ্ট চেইন শপের কর্মকর্তাদের দৃষ্টি আর্কষণ করেন। ক্ষুদ্র পরিসরে আয়োজিত চাকরি মেলা ভবিষ্যতে বড় অর্জনের দিকে নিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায় বলেন, আমরা নতুন দু'টি বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছি; এর একটি সেলসম্যানশিপ এবং অন্যটি ট্যুরিজম। প্রশিক্ষণের কারিকুলাম কাস্টোমাইজড করার প্রয়োজন আছে কি-না সে বিষয়ে অনুষ্ঠানে উপস্থিত স্বপ্নের কর্মকর্তাদের মতামত প্রদানের অনুরোধ জানান। পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ) মোঃ এরশাদ উর-রশীদ বলেন, গতানুগতিক প্রশিক্ষণের বাইরে সেলসম্যানশিপ ট্রেনিং এবং চাকরি মেলার আয়োজন একটি নতুন প্রয়াস। এই প্রশিক্ষিত যুবরা যাতে নতুনদের চেয়ে বেশি বেতন পান সে বিষয়ে চেইনশপ কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। উপ-পরিচালক (প্রশিক্ষণ) মাসুদা আকন্দ বলেন, সেলসম্যানশিপের প্রধান বিষয় হচ্ছে সুন্দর ব্যবহারের মাধ্যমে ক্রেতাকে সন্তুষ্ট রাখা, নিজেকে যথাযথভাবে উপস্থাপন করা এবং ক্রেতার চাহিদা পরিপূর্ণ করা। এ সময় তিনি প্রশিক্ষিত যুবদের মিথ্যার আশ্রয় না নিয়ে ইতিবাচক মনোভাব নিয়ে কাজ করার আহ্বান জানান। যুবদের উদ্দেশ্য করে তিনি বলেন, আপনারা কাজকে ভালবাসবেন। যত বেশি আন্তরিক হবেন তত দ্রুত কর্মক্ষেত্রে উন্নতি ঘটবে। ঢাকা জেলার আওতায় ৪০ জন যুব ২ মাস মেয়াদি সেলসম্যানশিপ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এদের মধ্য থেকে স্বপ্ন চেইনশপ তাদের প্রয়োজনীয় সংখ্যক সেলসম্যান বাছাই করবে। যুব উন্নয়ন অধিদপ্তর পরবর্তীতে এ ধরণের প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করবে এবং বিভিন্ন চেইনশপের সাথে আলোচনা সাপেক্ষে চাকরির ব্যবস্থা করা হবে। এ দিনের চাকরি মেলায় ৪০ জন যুবর মধ্যে ১২ জন যুবনারীসহ ২৭ জন যুব অংশগ্রহণ করেন।



যুব উন্নয়ন অধিদপ্তর ও স্বপ্ন চেইনশপের যৌথ উদ্যোগে চাকরি মেলায় বক্তব্য দিচ্ছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম পাশে উপবিষ্ট পরিচালক, উপপরিচালক ও প্রশিক্ষণার্থীগণ

## আইসিটি মোবাইল ভ্যানে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স




নবীনগর উপজেলায় সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে পরামর্শমূলক বক্তব্য দিচ্ছেন 'টেকাব' প্রকল্পের প্রকল্প পরিচালক যুগ্মসচিব আবুল হাছান খান

যুব উন্নয়ন অধিদপ্তরের 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' প্রকল্পের উদ্যোগে দেশব্যাপী আইসিটি মোবাইল ভ্যানে কম্পিউটার ও নেটওয়ার্কিং বিষয়ক ১ মাস মেয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণকারী ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার যুব ও যুবনারীদের মধ্যে গত ৩১ জুলাই রোববার সনদপত্র বিতরণ করা হয়েছে। অনুষ্ঠানে উপজেলার ২৩ জন যুবক ও ২৩ জন যুবনারীর মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন 'টেকাব' প্রকল্পের প্রকল্প পরিচালক যুগ্মসচিব আবুল হাছান খান। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়াম্যান প্রকৌশলী সফিকুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান মোশারফ হোসেন সরকার, মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোছেনা বেগম, যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক (চঃদাঃ) মো আব্দুর রশিদ। ১ মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষক ছিলেন জবিউল পারভেজ দিলদার ও সহকারি প্রশিক্ষক আলমগীর। উল্লেখ্য, ১ মাস মেয়াদী কম্পিউটার বিষয়ক এ প্রশিক্ষণ কার্যক্রম গত ২ এপ্রিল-২০১৬ তারিখে শুরু হয়। ডিজিটাল বাংলাদেশ গড়তে গ্রামীণ জনবলকে তথ্য প্রযুক্তিতে দক্ষ করার লক্ষ্যে এ কার্যক্রমের আওতায় ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কেন্দ্রের আদলে গড়ে তোলা আধুনিক তথ্য-প্রযুক্তি সজ্জিত মোবাইল ভ্যানে কম্পিউটার ও নেটওয়ার্কিংসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কার্যক্রমের আওতায় দেশের বিভিন্ন উপজেলায় একটি করে মোবাইল ভ্যান অবস্থান করছে এবং ১৮ থেকে ৩৫ বছর বয়সী ২০ জন এইচএসসি পাশ যুবক ও ২০ জন এসএসসি পাশ যুব মহিলা মোট ৪০ জন যুব/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ১০টি ল্যাপটপ, ১টি স্ক্যানার, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও জেনারেটরসহ আধুনিক তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাদির দ্বারা এই ভ্যানগুলো সজ্জিত করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের এই কার্যক্রম দেশের উপজেলা পর্যায়ে যুবক ও যুবনারীদের মধ্যে ব্যাপক সাড়া জাগিয়েছে বলে জানা গেছে।

(২য় পৃষ্ঠার পর) গোপালগঞ্জে জাতীয় শোক দিবস

তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশীয় অর্থায়নে পদ্মাসেতুসহ রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, মেট্রোরেল, গভীর সমুদ্রে বন্দর নির্মাণসহ বৈদেশিক মুদ্রা রিজার্ভে অতীতের সকল রেকর্ড ভঙ্গ করে ৩০ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করা, মানুষের গড় আয়ু ও মাথাপিছু আয় বৃদ্ধি, ইতিমধ্যে নিম্ম আয়ের দেশ হতে মধ্যম আয়ের দেশে পরিণত, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, শিক্ষার হার বৃদ্ধি, বেকারত্ব ও দারিদ্র্যের হার হ্রাস, বিদ্যুৎতায়ন ও শিল্পের বিকাশ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, কৃষিতে উৎপাদন বৃদ্ধি, বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বই তুলে দেয়া, বেকার যুবদের আত্মকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ ও ঋণ প্রদানসহ সরকারের উন্নয়ন কর্মকান্ডের বর্ণনা দেন। প্রধান অতিথি উপমন্ত্রী আরিফ খান জয় গোপালগঞ্জ সদর উপজেলার ১৫ জন প্রশিক্ষিত যুব'র মাঝে ৯,০৩,০০০/-টাকার যুব ঋণের চেক বিতরণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান শেখ লুৎফর রহমান বাচ্চু ও ভাইস চেয়ারম্যান তাছবিরুল হুদা বাবু। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ জালাল উদ্দিন ও অন্যান্য অতিথিবৃন্দ।

(১ম পৃষ্ঠার পর) যুব সমাবেশ

আরো উপস্থিত ছিলেন জাতীয় ক্রীড়া পরিষদের সচিব অশোক কুমার বিশ্বাস, যুব উন্নয়ন অধিদপ্তরে প্রশিক্ষণপ্রাপ্ত ও আত্মকর্মে নিয়োজিত যুব এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। ড. শ্রী বীরেন শিকদার বলেন, ইসলামে জঙ্গিবাদের কোনো স্থান নেই। মদিনা সনদেও সকল ধর্মের মানুষের সমান অধিকার নিশ্চিত করা হয়েছে। যুবদের মধ্যে সচেতনতা বাড়াতে দেশের প্রতিটি বিভাগে জঙ্গিবাদ বিরোধী যুবসমাবেশ করা হবে বলে উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, যুব কমিউনিটি রেডিও স্থাপনের বিষয়ে কাজ চলছে। প্রতিটি উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম করা হবে। ইতোমধ্যে ১৩১ টি মিনি স্টেডিয়ামের কাজ শুরু হয়েছে। উপমন্ত্রী আরিফ খান জয় বলেন, স্বাধীনতা যুদ্ধে পরাজিত শক্তিরা নতুন রূপে জঙ্গিবাদ সৃষ্টি করছে। তাই আমাদের যুবসমাজকে এ শক্তির বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। জঙ্গিবাদের সঙ্গে যারা জড়িয়ে গেছেন, তারা আলোর পথে ফিরে আসবেন বলে আশা করেন যুব ও ক্রীড়া উপমন্ত্রী। এ সময় তিনি বলেন, নিজের জীবনের ইতিহাস নিজেকেই তৈরি করতে হবে। কারণ নিজেকে চিনতে পারলে সে কখনোই নিজেকে জঙ্গিবাদের সঙ্গে জড়িত করবে না। সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ বলেন, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ রুখতে হলে নিজেকে রক্ষা করতে হবে। জঙ্গিবাদ মোকাবিলায় যুব সমাজের চিন্তাধারার আলোকে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে বলেও তিনি জানান। মহাপরিচালক আনোয়ারুল করিম বলেন, জঙ্গিবাদের উৎসমূলে আমাদের আঘাত করতে হবে। জঙ্গি ও সন্ত্রাসবাদ রুখতে পারিবারিক, সামাজিক, অর্থনৈতিকসহ বিভিন্ন খাতে নজরদারি বাড়ানোর আহ্বান জানান। এ সময় যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমে জঙ্গিবাদ বিরোধী মডিউল অন্তর্ভুক্ত করার ঘোষণা দেন।

## বালিয়াকান্দি (রাজবাড়ী) উপজেলায় সনদপত্র বিতরণ



রাজবাড়ীর জেলা প্রশাসক জিনাত আরা প্রশিক্ষণার্থী মৃদুলা আক্তারের হাতে প্রশিক্ষণ কোর্সের সনদপত্র তুলে দিচ্ছেন

২৯ সেপ্টেম্বর রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলায় মাসব্যাপী মোবাইল ভ্যানে আইসিটি প্রশিক্ষণ কোর্সের সনদপত্র বিতরণ করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা এইচ এম রকিব হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজবাড়ীর জেলা প্রশাসক জিনাত আরা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আবুল কালাম আজাদ, যুব উন্নয়ন অধিপ্তরের উপ-পরিচালক (রাজবাড়ী) গৌতম চন্দ্র দে, উপজেলা ভাইস-চেয়ারম্যান হারুন-অর-রশিদ মানিক এবং উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান খোদেজা বেগম। আরো উপস্থিত ছিলেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা হাসিনা ফাহমিদা বানু, উপজেলা আওয়ামী লীগের সভাপতি এবং প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষকরা।

# চিত্রে সারাদেশে জাতীয় শোক দিবস ২০১৬



পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলায় জাতীয় শোক দিবসে আয়োজিত ঋণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু এমপি



রাজশাহীতে জাতীয় শোক দিবসে আয়োজিত ঋণ বিতরণ করছেন প্রধান অতিথি পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম এমপি



গাইবান্ধায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন হুইপ মাহাবুব আরা গিণি এমপি



যুব ভবনে জাতীয় শোক দিবসে যুব উন্নয়ন অধিদপ্তর কর্মচারী লীগ কর্তৃক আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহ্‌ফিলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপমন্ত্রী আরিফ খান জয় এমপি ও জাতীয় শ্রমিক লীগের নেতৃবৃন্দ



পিরোজপুর জেলায় আয়োজিত শোক সভায় যুবঋণের চেক বিতরণ করছেন প্রধান অতিথি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব এ কে এম এ আউয়াল এমপি



ময়মনসিংহে জাতীয় শোক দিবসে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় সংসদ সদস্য জুয়েল আরেং যুবঋণের চেক বিতরণ করছেন



১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে রাজশাহীর বাগমারা উপজেলায় যুবঋণের চেক বিতরণ করছেন ইঞ্জিনিয়ার মোঃ এনামুল হক এমপি



নাটোরে জাতীয় শোক দিবসে আয়োজিত অনুষ্ঠানে যুবঋণের চেক বিতরণ করছেন আলহাজ্ব শফিকুল ইসলাম শিমুল এমপি

বিদেশে গিয়ে আইন ভঙ্গ করবেন না, জেলে যাবেন না, পরিবার ও নিজের মঙ্গলের কথা ভাবুন।

# চিত্রে সারাদেশে জাতীয় শোক দিবস ২০১৬



হবিগঞ্জ জেলায় জাতীয় শোক দিবসে প্রধান অতিথি হিসেবে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি উদ্বোধন করছেন
আলহাজ্ব এডভোকেট মোঃ আবু জাহির এমপি, পাশে এ্যাডভোকেট আমাতুল কিবরিয়া কেয়া চৌধুরী এমপি



মানিকগঞ্জের ঘিওর উপজেলায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন
এ এম নাঈমুর রহমান দূর্জয় এমপি



মুন্সিগঞ্জের সিরাজদিখানে সংসদ সদস্য সুকুমার রঞ্জন ঘোষ
জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন



কুমিল্লার দেবিদ্বারে জাতীয় শোক দিবসে আয়োজিত অনুষ্ঠানে যুবঋণের চেক বিতরণ করছেন
প্রধান অতিথি রাজী মোহাম্মদ ফখরুল এমপি



রাজশাহীর তানোর উপজেলায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন
আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী এমপি



রাজশাহীর দুর্গাপুরে জাতীয় শোক দিবসে আয়োজিত অনুষ্ঠানে যুবঋণের চেক বিতরণ করছেন
জাতীয় সংসদ সদস্য মোঃ আব্দুল ওয়াদুদ



পলাশবাড়ী, গাইবান্ধায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে
যুবঋণের চেক বিতরণ করছেন সাবেক সংসদ সদস্য মোঃ তোফাজ্জল হোসেন



পাবনা জেলার ফরিদপুর উপজেলায় আয়োজিত শোক সভায় প্রধান অতিথি ফরিদপুর পৌরসভার মেয়র
খন্দকার কামরুজ্জামান মাজেদ যুবঋণের চেক বিতরণ করছেন

# চিত্রে সারাদেশে জাতীয় শোক দিবস ২০১৬



ঠাকুরগাঁও জেলায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন
জেলা প্রশাসক মুকেশ চন্দ্র বিশ্বাস



খাগড়াছড়ির মহালছড়ি উপজেলায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন
উপজেলা চেয়ারম্যান বিমল কান্তি চাকমা



পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন
উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ ওয়াহিদুজ্জামান ওয়াহিদ




কুমিল্লা জেলার মেঘনায় জাতীয় শোক দিবসে আয়োজিত অনুষ্ঠানে যুবঋণের চেক বিতরণ করছেন
উপজেলা পরিষদ চেয়ারম্যান আলহাজ্ব মোঃ আব্দুস সালাম




কুড়িগ্রাম জেলায় আয়োজিত শোক সভায় উপপরিচালক (চঃদাঃ)
মোঃ হামিদুর রহমানের নেতৃত্বে শোক র‍্যালী




মানিকগঞ্জ জেলায় জাতীয় শোক দিবসে আয়োজিত শোক র‍্যালীতে
উপপরিচালক (চঃদাঃ) মোঃ আবুল হোসেন ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ




কিশোরগঞ্জ জেলায় জাতীয় শোক দিবসে আয়োজিত দোয়া মাহফিলে
উপপরিচালক (চঃদাঃ) মোঃ রোকন উদ্দিন ভূঞা ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ




কুমিল্লা জেলা কার্যালয়ে জাতীয় শোক দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে
উপপরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ ইসহাক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

# চিত্রে সারাদেশে জাতীয় শোক দিবস ২০১৬



আদর্শ সদর কুমিল্লায় জাতীয় শোক দিবসে প্রধান অতিথি হিসেবে যুব ঋণের চেক বিতরণ করছেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ শামছুজ্জামান



ময়মনসিংহ জেলার সদর উপজেলায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ জুলকার নায়ন



রাজশাহীর চারঘাট উপজেলায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ করছেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুস সামাদ



সাটুরিয়া, মানিকগঞ্জ জেলায় জাতীয় শোক দিবসে আয়োজিত অনুষ্ঠানে যুবঋণের চেক বিতরণ করছেন উপজেলা নির্বাহী অফিসার হাসান মুর্তাজা মাসুম



মঠবাড়িয়া,পিরোজপুর জেলায় আয়োজিত শোক সভায় যুবঋণের চেক বিতরণ করছেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার এস, এম ফরিদ উদ্দিন



আটঘরিয়া, পাবনা জেলায় জাতীয় শোক দিবসে আয়োজিত অনুষ্ঠানে যুবঋণের চেক বিতরণ করছেন উপজেলা প্যানেল চেয়ারম্যান মোছাঃ নীলা খাতুন



কুড়িগ্রাম জেলায় জাতীয় শোক দিবসে যুবঋণের চেক বিতরণ অনুষ্ঠান



ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ জেলায় জাতীয় শোক দিবস অনুষ্ঠানে যুবঋণের চেক বিতরণ করছেন উপজেলা নির্বাহী অফিসার রাজীব কুমার সরকার

বিদেশে যাচ্ছেন? বৈধ পথে যাচ্ছেন কিনা জেলায় অবস্থিত জনশক্তি ও কর্মসংস্থান অফিসে গিয়ে সরাসরি জেনে নিন।

# চিত্রে আন্তর্জাতিক যুবদিবস ২০১৬



সাঘাটা, গাইবান্ধায় আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন ডেপুটি স্পিকার মোঃ ফজলে রাব্বি মিয়া এমপি



আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান কংজরী চৌধুরী



সাভার উপজেলায় আন্তর্জাতিক যুবদিবসে যুব র‍্যালীর নেতৃত্ব দিচ্ছেন
ডাঃ মোঃ এনামুর রহমান এমপি



হবিগঞ্জ জেলায় আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন আলহাজ্ব এডভোকেট মোঃ আবু জাহির এমপি



গাইবান্ধার পলাশবাড়ী উপজেলায় আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন
গাইবান্ধা পৌর মেয়র এ্যাডভোকেট শাহ মাসুদ জাহাঙ্গীর কবির মিলন



নরসিংদী জেলায় আন্তর্জাতিক যুবদিবসে সনদপত্র বিতরণ ও আলোচনা সভায় যুব মহিলার
বক্তব্য শুনছেন প্রধান অতিথি জেলা প্রশাসক আবু হেনা মোরশেদ জামান



আন্তর্জাতিক যুবদিবসে কিশোরগঞ্জ জেলার জেলা প্রশাসক মোঃ আজিমুদ্দিন বিশ্বাস বক্তব্য রাখছেন



আন্তর্জাতিক যুবদিবসে চাঁদপুর জেলার জেলা প্রশাসক মোঃ আব্দুস সবুর মণ্ডল বক্তব্য রাখছেন

## চিত্রে আন্তর্জাতিক যুবদিবস ২০১৬




রাঙামাটি জেলায় আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন
রাঙামাটি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান বৃষকেতু চাকমা



সংসদ সদস্য জেবুন্নেসা আফরোজ এর উপস্থিতিতে বরিশাল জেলায় আন্তর্জাতিক যুবদিবসে
উপপরিচালক মাহবুবা আক্তার বক্তব্য দিচ্ছেন



আন্তর্জাতিক যুবদিবসে প্রধান অতিথি যশোর জেলার জেলা প্রশাসক ড. মোঃ হুমায়ুন কবির বক্তব্য রাখছেন



রাজশাহী জেলায় আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক কাজী আশরাফ উদ্দিন




গোপালগঞ্জ জেলার জেলা প্রশাসক মোঃ খলিলুর রহমান আন্তর্জাতিক যুবদিবসে মতবিনিময় করছেন




ফেনী জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) দেবময় দেওয়ান আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন




আন্তর্জাতিক যুবদিবসে যুব র‍্যালী সিরাজদিখান, মুন্সিগঞ্জ




আন্তর্জাতিক যুবদিবস ২০১৬ ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় কর্তৃক আয়োজিত বর্ণাঢ্য যুব র‍্যালীর একাংশ

## চিত্রে আন্তর্জাতিক যুবদিবস ২০১৬




পটুয়াখালী জেলায় আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক এ কে এম শামিমুল হক ছিদ্দিকী




নাটোর জেলায় আন্তর্জাতিক যুবদিবসে বক্তব্য রাখছেন অতিরিক্ত জেলা প্রশাসক কাজী আতিউর রহমান




আন্তর্জাতিক যুবদিবসে ঝিনাইদহ জেলা কর্তৃক আয়োজিত যুব র‍্যালী



সিলেট জেলায় আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে বক্তব্য রাখছেন উপপরিচালক (চঃদাঃ) মোঃ আলাউদ্দিন



সিরাজগঞ্জ জেলা কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক যুবদিবস ২০১৬ উপলক্ষে বৃক্ষরোপন



গাইবান্ধার গোবিন্দগঞ্জে, আন্তর্জাতিক যুবদিবসে
উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুল হান্নান বক্তব্য রাখছেন




উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নন্দন কুমার দেবনাথের নেতৃত্বে
ময়মনসিংহের মুক্তাগাছায় আয়োজিত আন্তর্জাতিক যুবদিবসে যুব র‍্যালী



আন্তর্জাতিক যুবদিবসে পিরোজপুর জেলা কার্যালয় কর্তৃক যুব র‍্যালীর একাংশ

# সমঝোতা স্মারক স্বাক্ষর

## সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ এর সাথে



২২ আগস্ট সোমবার যুব ভবনে যুব উন্নয়ন অধিদপ্তর এবং সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশ-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে মহাপরিচালক আনোয়ারুল করিম এবং সেন্টার ফর চাইল্ড ডেভেলপমেন্ট বাংলাদেশের পক্ষে সভাপতি ফাল্গুনী হামিদ সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। এ সময় উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক ও উপ-পরিচালকবৃন্দ।

## এডভান্সিং পাবলিক ইন্টারেস্ট ট্রাস্টের সাথে



২২ আগস্ট যুব উন্নয়ন অধিদপ্তর এবং এডভান্সিং পাবলিক ইন্টারেস্ট ট্রাস্টের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম এবং এডভান্সিং পাবলিক ইন্টারেস্ট ট্রাস্টের পরিচালক সাবরিনা ইসলাম সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা), যুগ্ম-সচিব আবুল হাছান খান এবং উপ-পরিচালক (প্রশিক্ষণ) মাসুদা আকন্দ এ সময় উপস্থিত ছিলেন।

## ওয়ার্ল্ড ভিশন এর সাথে

ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ-এর বনানীস্থ প্রধান কার্যালয়ে ২১ আগস্ট রোববার এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ওয়ার্ল্ড ভিশনের পক্ষে প্রতিষ্ঠানটির ন্যাশনাল ডাইরেক্টর Mr.Frederick john Witeveen এবং যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে মহাপরিচালক আনোয়ারুল করিম স্বাক্ষর করেন।



ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান

## শোক সংবাদ

প্রধান কার্যালয়ে কর্মরত উচ্চমান সহকারী মোঃ আবুল মনসুর ০৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সকাল ০৪:০০ ঘটিকায় হাসপাতালে চিকিৎসারত অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নানিল্লাহে ওয়া ইন্নাইলাইহে রাজেউন)। মরহুমের জানাজা ১২:১৫ ঘটিকায় যুবভবনে অনুষ্ঠিত হয়। উক্ত জানাজায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপমন্ত্রী আরিফ খান জয় এমপি এবং মহাপরিচালক সহ অন্যান্য সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ জানাজায় অংশগ্রহণ করেন।

নারায়ণগঞ্জ যুব প্রশিক্ষণ কেন্দ্রের সহকারী প্রশিক্ষক (পশুপালন) গাজী আমীর হোসেন ০৬ আগস্ট ২০১৬ তারিখ চাকরিরত অবস্থায় ক্যান্সার, লিভার ও কিডনী রোগে আক্রান্ত হয়ে ঢাকাস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয় হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নানিল্লাহে ওয়া ইন্নাইলাইহে রাজেউন)।

## পরিচালক পদে যোগদান



যুগ্মসচিব মোঃ আখতার আলী সরকার প্রধান কার্যালয়ের পরিচালক (প্রশিক্ষণ) পদে ২২ আগস্ট যোগদান করেন। তিনি ইতোপূর্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে পরিচালক (প্রশাসন) পদে কর্মরত ছিলেন।

## যুব পরিবারের সন্তানদের সাফল্য



পূজা রাণী সাহা ঃ ২০১৬ সালে অনুষ্ঠিত এস,এস,সি পরীক্ষায় পূজা রাণী সাহা শ্রীমঙ্গল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হতে অংশগ্রহণ করে গোল্ডেন জিপিএ-৫ পেয়েছে। সে, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার ক্রেডিট সুপারভাইজার, বিকাশ চন্দ্র সাহা এবং আলো রাণী সাহার কন্যা।



মোহাম্মদ আরিফুর রহমান (সাকিব) ঃ ২০১৬ সালের এস,এস,সি পরীক্ষায় ঢাকা বোর্ডের অধীনে আদর্শ উচ্চ বিদ্যালয়, মিরপুর থেকে বিজ্ঞান বিভাগে জিপিএ-৫ পেয়েছে। সে যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক মোঃ হাবিবুর রহমান-এর ছেলে।



সাবরিনা মমতাজ স্নেহা ঃ ২০১৫ সালে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে,এস,সি) পরীক্ষায় সাবরিনা মমতাজ স্নেহা চট্রগ্রামের কধুরখীল উচ্চ বিদ্যালয় হতে অংশগ্রহণ করে জিপিএ-৫ পেয়েছে। সে বোয়ালখালী উপজেলার ক্রেডিট সুপারভাইজার মোঃ শাহাব উদ্দীন ও আনোয়ারা শাহরীনের কন্যা।

## যুব তথ্য কণিকা

| নং | কর্মকাণ্ডের বিষয় | শুরু থেকে জুন ২০১৬ পর্যন্ত | জানুয়ারি ২০০৯-জুন ২০১৬ | জুলাই-সেপ্টেম্বর ২০১৬ |
|---|---|---|---|---|
| ০১. | বেকার যুবদের প্রশিক্ষণ | ৪৮,৪৭,৪৬২ জন | ১৭,৫২,৫১৩ জন | ৬৯১৯৯ জন |
| ০২. | প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান | ২০,২১,১০৩ জন | ৪,৬৩,৯৮৫ জন | ১৮৩৬৪ জন |
| ০৩. | ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় প্রশিক্ষণ প্রদান | ১,০৪,৮২৬ জন | ১,০৪,৮২৬ জন | ৬২৯০ জন |
| ০৪. | ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় কর্মসংস্থান সৃষ্টি | ১,০২,৪৯২ জন | ১,০২,৪৯২ জন | ৩৮২৬২ জন |
| ০৫. | ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ | ১৪৫৯,১৪.২৭ লক্ষ টাকা | ৬২৫৫৩.০০ লক্ষ টাকা | ৩৩,১৮,৭৪.০০ লক্ষ টাকা |
| ০৬. | ক্ষুদ্র ঋণ গ্রহণকারীর সংখ্যা | ৮,৫৩,৭৮৯ জন | ১,৪৪,৬৪৪ জন | ১০০৮৩ জন |
| ০৭. | তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা | ১৭,৮০৯ টি | ১০৮২৩ টি | ১৯ টি |

বিদেশে গিয়ে আইন ভঙ্গ করবেন না, জেলে যাবেন না, পরিবার ও নিজের মঙ্গলের কথা ভাবুন।